তারিখ ... 23 OCT 2016 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ১৬ ......

দৈনিক
আমাদের সময়

পত্নীতলার কাশিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়

# ভবনে ফাটল, খসে পড়ছে প্লাস্টার

**ইখতিয়ার উদ্দীন আজাদ, পত্নীতলা** •
নওগাঁর পত্নীতলা উপজেলার ৫৫নং কাশিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়টি নানামুখী সমস্যায় জর্জরিত। বিদ্যালয়টিতে পুরনো ভবনের ৪টি শ্রেণিকক্ষে চলছে ঝুঁকির মধ্যে শিক্ষাদান। বর্তমানে একটি শ্রেণিকক্ষ পবশি ঝুঁকিতে থাকায় পাঠদান বন্ধ রয়েছে। সরেজমিন ও বিদ্যালয় সূত্রে জানা যায়, উপজেলার একমাত্র এই বিদ্যালয়েই বর্তমানে প্রথম শ্রেণি হতে অষ্টম শ্রেণি পর্যন্ত ক্লাস ২০১২ সাল থেকে চালু আছে। প্রধান শিক্ষকসহ মোট ১২ জন শিক্ষক কর্মরত আছেন। ২০০৮ সালে পুরান ভবনটি পরিত্যক্ত ঘোষণা করা হলেও পরে কিছু সংস্কার করে আবার ক্লাস চালু করা হয় এটিতে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মেহের নীগার জানান, বর্তমানে পুরান ভবনের ৫টি কক্ষের মধ্যে ৪টি ঝুঁকির মধ্যে রয়েছে। আর নতুন ভবনের ৫টি কক্ষের মধ্যে ৪টি শ্রেণিকক্ষ ও একটি অফিস কক্ষ। বিদ্যালয়টি ১৯২৬ সালে প্রতিষ্ঠিত হয়। কিন্তু বর্তমানে ওই পুরান ভবনের ছাদের প্লাস্টার খসে পড়ছে ও সামান্য বৃষ্টিতেই পানি চুয়ে পড়ে। প্রায়ই রড ও খোয়াসহ বড় বড় পলেস্টারের খণ্ড খসে পড়ে। এতে যে কোনো সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। এর পরও শিক্ষক ও শিক্ষার্থীরা প্রাণের ঝুঁকি নিয়ে ক্লাস চালিয়ে যাচ্ছেন।

তিনি আরও জানান, আমাদের বিদ্যালয়টি আত্রাই নদীসংলগ্ন হওয়ায় কোমলমতি শিশুরা নদী দেখতে অনায়াসেই চলে যায়। এতে শিশুদের প্রাণনাশের ভয় রয়েছে। এ ছাড়া বিদ্যালয়ের মাঠের ওপর দিয়ে নদীতে সকল প্রকার মানুষ চলাফেরা করে থাকে। তাই বিদ্যালয়ের সীমান প্রাচীর নির্মাণ জরুরি। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে একাধিকবার লিখিতভাবে আবেদন করেও প্রতিকার পাওয়া যায়নি। উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আব্দুল মালেক জানান, তিনি বিষয়টি অবগত। সরকারি তহবিল বা বরাদ্দ এলেই সংস্কার করা হবে।